**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Shib Chaturdashi:**

আজ শিবচতুর্দশী এবং মহা শিবরাত্রী।এই তিথিতে রাত জেগে অষ্টপ্রহর সত্য, সুন্দর ও পৌরুষের প্রতিক শিবের পূজা, হোম, জাগ- যজ্ঞ করা হয়। মহিলারা শিবকে তাদের আদর্শ হিসাবে প্রার্থনা ও কামনা করে থাকেন। তারা উপোস করে শিবের মাথায় জল দুধ দেন, ব্রত উদযাপন করেন ও পরিবারের মঙ্গল কামনা করে প্রার্থনা করেন।

এই তিথিতে দেশের সব শৈবতীর্থে বিশেষত বারানশীর কাশি বিশ্বনাথ, মহারাষ্ট্রের উজ্জয়নীর মহাকালেশ্বর, মধ্যপ্রদেশের ওঙ্কারেশ্বর ও গুজরাটের সোমনাথ মন্দিরের মত দ্বাদশ জ্যোতির্লিঙ্গ খ্যাত মহাশৈব তীর্থগুলোতে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়।

রাজ্যে এই উপলক্ষে আগরতলার সেন্ট্রালরোডস্থিত শিববাড়ি, আসাম রাইফেলস মাঠের শিবমন্দির, উদয়পুরের মহাদেববাড়ি এবং ত্রিপুরেশ্বরী মন্দিরে প্রচুর ভক্তসমাগম হয়। শিবরাত্রী উপলক্ষে মেলাও বসে।

*********************

**Mahakumbha :**

এদিকে আজ'ই মহাকুম্ভের শেষ দিন। প্রয়াগরাজের মহাকুম্ভে গতকাল সকাল থেকে বিকেল ৪টা পর্যন্ত ৯৭ লক্ষ্য ২১ হাজারেরও বেশি মানুষ স্নান করেছে| ১৩ই জানুয়ারী থেকে এখনও পর্যন্ত ৪৪ দিনে ৬৪ কোটি ৩৩ লক্ষেরও বেশি ভক্ত পুণ্য স্নান করেছেন| নজরদারির জন্য গতকাল বিমান বাহিনী মোতায়েন করা

হয়। ভিড়ের কথা বিবেচনা করে, প্রশাসন গতকাল সন্ধ্যা ৬টা থেকে প্রয়াগরাজ শহরকে নো-ভেহিক্যাল জোন হিসেবে ঘোষণা করেছে। একই সঙ্গে, মেলা এলাকাটি গতকাল বিকাল ৪টে থেকে যানবাহন নিষিদ্ধ অঞ্চলে পরিণত হয়।

**********************

**PM, Assam :**

গুয়াহাটিতে 'অ্যাডভান্টেজ-আসাম' দ্বিতীয় পর্বের বিনিয়োগ ও পরিকাঠামো শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আসাম এখন সীমাহীন সম্ভাবনার কেন্দ্র এবং দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতের প্রবেশদ্বার।

কূটনীতিক, বিশিষ্ট শিল্পপতি এবং বিদেশী প্রতিনিধিদের এক বিশাল সমাবেশের সামনে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী আরো বলেন, আসাম পূর্ব ভারতের একটি উৎপাদন কেন্দ্র হবে এবং শিল্পপতিদের এই কৌশলগত অবস্থানের সুবিধা গ্রহণের আহ্বান জানান তিনি ।প্রধানমন্ত্রী জানান, তাঁর সরকার এই অঞ্চলে সংযোগ, পরিকাঠামো উন্নয়ন এবং স্থানীয় সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করার জন্য কাজ করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, গত কয়েক বছরে কেন্দ্র ও রাজ্য সরকার বেশ কয়েকটি শান্তি চুক্তি স্বাক্ষর করায় আসামের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে।

********************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, উদ্যোগীদের সহজতর পদ্ধতিতে ব্যাঙ্কঋণ দেওয়া হলে আর্থ সামাজিক অবস্থা আরো সুদৃঢ় হবে। গতকাল আগরতলায় নাবার্ড আয়োজিত স্টেট ক্রেডিট সেমিনারের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, বিকশিত ভারত গড়তে হলে কী পরিকল্পনা নিয়ে এগুতে হবে তার রূপরেখা এখনই ঠিক করা উচিত। তিনি বলেন, শিল্প

গড়ে উঠলে কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। আগর, ক্যুইন আনারস, রাবার, চা, বাঁশ এসব প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে শিল্প গড়ে তোলার জন্য স্থানীয়দের আরও উন্নতমানের প্রশিক্ষণ দেওয়া উচিত বলে মন্তব্য করেন রাজ্যপাল |

********************

**HIV/ AIDS Northeast:**

উত্তর-পূর্বের দুই রাজ্য মিজোরাম ও নাগাল্যান্ডে ১৫ থেকে ৪৯ বছর বয়সীদের মধ্যে এইচআইভি সংক্রমিত তথা এইডস আক্রান্তের হার জাতীয় সংক্রমণের হারের তুলনায় অনেক বেশি।

ন্যাশনাল এইডস কন্ট্রোল অর্গানাইজেশনের তথ্য অনুযায়ী মিজোরামে এই সংক্রমনে প্রাপ্তবয়স্কদের মধ্যে আক্রান্তের হার ২.৭৩ শতাংশ এবং নাগাল্যান্ডে ১.৩৭ শতাংশ।

ন্যাকোর তথ্য অনুসারে, উত্তর-পূর্বের আরও চারটি রাজ্য - মণিপুরে ০.৮৭ শতাংশ , মেঘালয়ে ০.৪৩ শতাংশ, ত্রিপুরায় ০.৩৭ শতাংশ, এবং অরুণাচল প্রদেশে ০.২৫ শতাংশ সংক্রমন হার রেকর্ড করা গেছে। অন্যদিকে জাতীয় স্তরে প্রাপ্তবয়স্কদের মধ্যে এইচআইভি এইডস সংক্রমণের হার মাত্র ০.২০ শতাংশ।

*********************

**Train service :**

রাজ্যে আরও দুটি ট্রেন চালু করার সিদ্ধান্ত নিয়েছে উত্তর পূর্ব সীমান্ত রেল। গতকাল জানানো হয়, মঙ্গলবার ও শনিবার ছাড়া সপ্তাহে পাঁচদিন একটি ট্রেন সাব্রুম থেকে আগরতলা হয়ে ধর্মনগর পর্যন্ত চলাচলা করবে। অন্য আরেকটি ট্রেন মঙ্গলবার এবং শনিবার সাব্রুম থেকে আগরতলা হয়ে আবার সাব্রুম পর্যন্ত চলাচল করবে।

*****************

**Shikshaniketan-Baikhora :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া গতকাল দক্ষিণ জেলার বাইখোড়ায় বৃন্তক শিক্ষানিকেতনের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানের উদ্বোধন করেন| এ উপলক্ষে স্কুলের নির্বাচিত ছাত্র-ছাত্রীদের আঁকা ছবির একটি প্রদর্শনীর আয়োজন করা হয়| এই অনুষ্ঠানে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অরুণোদয় সাহাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

*******************

**Jolaibari-Belonia National Highway :**

বিধায়ক দীপংকর সেন ও অশোক কুমার মিত্র এবং দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস গতকাল নির্মীয়মান বিলোনীয়া-জোলাইবাড়ি ১০৮ এ জাতীয় সড়কটি পরিদর্শন করেন| পরিদর্শনের পর একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়| সভায় বিধায়কগণ বিলোনিয়া শহরের আমলাপাড়া এলাকার জল নিষ্কাশনের জন্য পাকা ড্রেইন, কালিনগরে রাস্তার দুই ধারে পাকা ড্রেইন নির্মাণ, জাতীয় সড়কের সঙ্গে যুক্ত সব সড়কের এপ্রোচগুলি চলাচলের উপযোগী করে তোলার দাবি জানান|

*********************

**Meyor :**

আগরতলা পুর নিগমের উদ্যোগে, আগামী ১৬ই মার্চ বিটি কলেজ মাঠে রাজ্যভিত্তিক বসন্ত উৎসব অনুষ্ঠিত হবে। প্রথমবারের মতো এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করবে আগরতলা পুর নিগম। এরজন্য গতকাল এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়| এতে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, পুর নিগমের কর্পোরেটরগণ|

********************

**Weather :**

আজ আকাশ প্রধানত পরিস্কার থাকবে। তবে সকালে হালকা কুয়াশা পড়েছে৷ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। বৃষ্টির কোন সম্ভবনা নেই|

*********************

*****************